মেহেরপুরের সড়ক দুর্ঘটনায় নারী শিক্ষানবীস আইনজীবী মৃত্যু

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাড়াডোব নামক স্থানে দুটি মটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে এক নারী শিক্ষানবীস আইনজীবীর মৃত্যু হয়েছে। আজ বুধবার সকাল ১১ টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

নিহত রোমানা আক্তার মেহেরপুর শহরের কাশ্যব পাড়ার মৃত খোকন আলীর কন্যা। তিনি ঢাকা জেলা জজ আদালতে শিক্ষানবিশ আইনজীবী হিসেবে কর্মরত ছিলেন। এ দুর্ঘটনায় আহত হয়েছে আরো তিন জন।

জানা যায়, মেহেরপুর হতে গাংনী যাওয়ার পথে গাড়াডোব নামক স্থানে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা অপর একটি মোটরসাইকেলের সাথে মুখোমুখি সংঘর্ষে আহত হন ৪ জন। রোমানা আক্তার কে গুরুতর আহত অবস্থায় মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। এ সময় বাকি তিনজনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়েছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের ইমারজেন্সি বিভাগের মেডিকেল অফিসার তারিক আহমেদ জানান, গুরুতর আঘাতের ফলে রোগীর মৃত্যু হতে পারে|

পরিবার সূত্রে জানা যায়, ব্যক্তিগত কোন কাজে মেহেরপুর থেকে গাংনীর উদ্দেশ্যে চাচাতো ভাই বাবুকে সাথে করে রওনা দেয় রোমানা আক্তার।

অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে এবং দুটি মোটরসাইকেল জব্দ করা হয়েছে। প্রাথমিক তদন্ত চলমান রয়েছে। এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।